HELENE PAQUET

ADVANCE MONEY MANAGEMENT SYSTEM ON FOREX MARKET'S

MD MASUD RANA KHAN

present by

Bengal Forex

Bengal Forex Present

ADVANCE MONEY MANAGEMENT SYSTEM ON FOREX MARKET'S

ভূমিকা

আসসালামু আলাইকুম, আশা করি সবাই ভালো আছেন। আলহামদুলিল্লাহ আমিও আপনাদের দোয়ার বরকতে ভালো আছি।

আমরা যারা বিনিয়োগকারী আছি, আমাদের সবারই প্রত্যাশা থাকে ভালো রিটার্ন পাওয়া।আমরা অবশ্যই প্রফিট প্রত্যাশা করি।কেউই আমরা লসের আশায় বিনিয়োগ করি না।প্রফিট প্রত্যাশার পাশাপাশি আমাদের অনেক স্বপ্ন থাকে।যদি বিনিয়োগের ফলাফল পজেটিভ হয় তবে আমরা আনন্দিত হই।আর যদি আমাদের বিনিয়োগ প্রত্যাশার বিপরীতে যায় তবে এখানে শুধুই লসের মধ্যেই সীমাবদ্ধ থাকে না।একজন ব্যাক্তির সাথে সাথে একটি পরিবার ও ভবিষ্যৎ প্রজন্মের স্বপ্নকেও প্রভাবিত করে।

আমি আমার বাস্তব অভিজ্ঞতার আলোকে ফাইন্যান্সিয়াল মার্কেটের বিনিয়োগকারীদের জন্য এই বইটি উপহার দিচ্ছি।এই বইয়ের মাধ্যমে আপনার অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত করতে পারবেন ইনশাআল্লাহ।

এই বইয়ের যাবতীয় বিষয় আমি আমার বাস্তব অভিজ্ঞতার আলোকে আপনাদের সামনে উপাস্থাপন করেছি।প্রতিটা মানুষের কাজের মধ্যে ভুল আছে।পৃথিবীতে নির্ভুল কোন কাজ পাবেন না।বইটি লেখার সময় আমি যথেষ্ট সতর্ক ছিলাম।তবুও যদি কোন ভুল আপনার দৃষ্টিগোচর হয়, তা সংশোধনেরউদ্ধেশ্যে আমাকে জানাবেন।ইনশাআল্লাহ সবকিছু সংশোধোন করার জন্য আন্তরিক চেষ্টা অব্যাহত থাকবে ইনশাআল্লাহ।

পরিশেষে আপনাদের সুস্বাস্থ ও লাভজনক বিনিয়োগ কামনা করি।আমার জন্য সবাই দোয়া করবেন।সবাইকে ধন্যবাদ।

মোঃ মাসুদ রানা খান

For inquiries, reach us at:

Email: trdezonew7@.com
Mobile : +8801796471717

পেশাদারিত্ব মনোভাব

টেকনোলজি হলো মহান আল্লাহর এক বিশেষ নেয়ামত। পৃথিবীর সব সৃষ্টির মধ্যে কিছু সূত্র ব্যবহার হয়েছে। আর সৃষ্টির রহস্য একমাত্র মহান আল্লাহ সঠিকভাবে জানেন। মানুষের মাঝেও আল্লাহ এই জ্ঞানের সামান্য দান করেছেন। তাই মানুষের প্রতিটা কাজেও টেকনোলজির ব্যবহার আছে।

সব আবিস্কারের একটি নেগেটিভ এবং পজেটিভ সাইড থাকে। আমরা যদি পজেটিভ কাজ গুলা বেশি করতে পারি তবে তার ফলাফল আমাদের জন্য অনেক ভালো হতে পারে।

কোন কাজে সুফল পেতে চাইলে নিজেকে আগে সেই কাজের জন্য যোগ্য ভাবতে হবে। নিজেকে যদি বিষয় বস্তুর সাথে একাকার না করা যায় তবে সেখানে সফলতা আশা করা যায় না।

একজন ভ্যান চালক কখনোই নিজেকে প্রাইভেট কারের ড্রাইভার ভাবলে চলবে না, অনুরূপ একজন প্রাইভেট কার চালক নিজেকে ভ্যান ড্রাইভার ভাবলেও চলবে না। এখানে সবার আগে গুরুত্ব দিতে হবে পেশাদারিত্বের। ভ্যান চালক যদি নিজেকে প্রাইভেট কারের ড্রাইভার ভাবেন তবে আমি এটাকে বলবো অভার স্মার্ট। এই ভ্যান চালকের ভ্যানের মাধ্যমে রিজিকের সম্ভবনা খুব কম।

আবার প্রাইভেট কার চালক যদি নিজের আচারন ও কাজে কর্মে ভ্যান চালকের বৈশিষ্ট ফুটিয়ে তুলেন তবে তার ও ভবিষ্যৎ অন্ধকার।

আমি যা বোজাতে চেয়েছি তাহলো পেশাদারিত্ব। নিজের পেশার প্রতি সম্পূর্ণ আস্থা ও ভালোবাসা তৈরি করতে হবে।

আমি যদি একজন ফরেক্স ট্রেডার হই তবে আমার আচারন কখনোই সুদের ব্যাবসয়ীর মতো অথবা একজন জোয়াড়ির মতো হতে পারবে না। আমরা জানি বর্তমান সময় বিশ্বের সবচাইতে স্মার্ট বিজনেস হলো ফরেক্স ট্রেডিং। বাস্তবিক অর্থে আমরা কি নিজেকে সেই লেভেলের স্মার্ট করতে পেরছি? আমরা কি পেরেছি আমাদের চিন্তার উন্নয়ন ঘটাতে? আমরা কি পেরেছি আমাদের স্বপ্নকে বড়ো করতে? আমরা এলজনো অনেক পিছনে পড়ে আছি। এখনো আমাদের খাবার, পোষাক সহ মৌলিক চাহিদা গুলোর জন্য স্বপ্ন দেখতে হয়। আমাদের পরিচয় এখনো বাংলার সাধারন মানুষ। আমরা এখনো পেশাদারিত্বকে বরন করতে পারিনি। সেখানে ফরেক্স বিজনেস তো আরো ভিন্ন বিষয়।

কোন বিজনেস শুরুর আগে সর্বপ্রথম দরকার হলো একটি সুন্দর পরিকল্পনা। আপনার পরিকল্পনা যতো নিখুঁত আপনার বিজনেস ততোই পজেটিভ হতে থাকবে। পরিকল্পনা ছাড়া এই পৃথিবীতে কোন কিছুই সুন্দরভাবে বাস্তবায়ন করা সম্ভব না।

কোন বিজনেস শুরুর আগে আপনাকে ভালোভাবে এটা বুঝে নিতে হবে যে, এই বিজনেস আপনার মেন্টালিটির সাথে এডযাস্ট করবে কিনা। ধরুন আপনি কাপড় সম্পর্কে ভালো জ্ঞান রাখেন। কাপড়ের বিজনেস আপনার জন্য ভালো হবে এটা আশা করা যায়। কিন্তু আপনাকে যদি বলা হয় আপনি ফার্নিচারের বিজনেস করুন, সত্যি বলতে এটা খুব সহজ হবে না। মানুষিকভাবে ফিট থেকে একটি কাজ শুরু করা আর মনের বিরুদ্ধে জোর করে একটি কাজের সাথে নিজেকে এডযাস্ট করানো দুইটার মধ্যে বিস্তার তফাত।

আপনি ফরেক্স ট্রেডিং শুরু করার আগে অবশ্যই ভালোভাবে খোজ নিন। ভালো করে যাচাই করুন যে, বাস্তবিক অর্থে ফরেক্স মার্কেট আপনার জন্য কিনা। এই মার্কেটে যতোগুলা নেগেটিভ আছে তার সাথে এডযাস্ট করে আপনি বিজনেস করতে পারবেন কিনা। যদি সবকিছু যচাই বাছাই করার পরে আপনার মন সায় দেয় যে, হ্যা ফরেক্স বিজনেস করে ক্যারিয়ার গড়া সম্ভব তবেই সিদ্ধান্ত নিন। আবেগের বশে সিদ্ধান্ত নিতে যাবেন না। অনেকে চিন্তা করে যে, অন্যরা পারলে আমিও পারবো। বাস্তবে সবার জন্য সব বিজনেস নয়। একেক জনের মাইন্ড একেক দিকে ধাবিত হয়। আমাদের দেশে আমরা বিভিন্ন পেশায় নিজেকে জড়াই মনের বিরুদ্ধে। কারন কর্ম না করলে পেটে ভাত জুটবে না।

ফরেক্স বিজনেস শুরু করা কোন কঠিন বেপার না। এই মার্কেটে সবচাইতে কঠিন বেপার হলো টিকে থাকাটা। ধরেন আপনি জাহাজে করে অনেক মূল্যবান সম্পদ নিয়ে সমুদ্র যাত্রা করলেন। পতিমধ্যে ঝড় উঠলো। জাহাজ ডুবে যাবে এমন অবস্থা। ওই সময় নিজের জীবন বাচাতে হবে

আগে। কারন ব্যক্তি বেচে থাকলে সম্পদ উপার্জিত হয়, ব্যক্তির মৃত্যু হলে সম্পদের কোন মূল্য থাকে না।

ফরেক্স শুরু করতে হলে আপনাকে অনেক কিছুই শিখতে হবে। সাধারন কোন জ্ঞান নিয়ে এই মার্কেটে টিকে থাকা অসম্ভব। বাস্তবিক এই বিজনেস সবার জন্য না। আমাদের দেশের মানুষ প্রচুর আবেগী। আর একজন আবেগী মানুষ এই মার্কেটে শুধুই লস করতে থাকবে। আপনার আমার সামান্য বিনিয়োগ কেড়ে নেয়ার জন্য অনেক মানুষ অনেক স্ট্রাটেজি নিয়ে বসে আছি। আপনি আমি লস করলে অন্যদের লাভ হবে। এখানে সবাই আসে প্রফিট নিতে কিন্তু বাস্তবে খুব মানুষ প্রফিট করতে সক্ষম হয়।

আপনার টেকনিক্যাল জ্ঞান যদি না থাকে তবে আপনি প্রতিনিয়ত লুজার হবেন আর ভাবতে থাকবেন "একমাত্র আমার সাথেই মার্কেট এমনটাই করে"। কিন্তু মার্কেট মার্কেটের যায়গায় ঠিক থাকে। আপনি আমি সল্প জ্ঞানের কারনে লুজার হই। আমরা মার্কেট কে সঠিকভাবে পর্যবেক্ষন করতে পারতেছি না।

টেকনিক্যালের পাশাপাশি ফান্ডামেন্টালের উপরে আপনাকে দক্ষ্য হতে হবে। ফান্ডামেন্টাল যদি সঠিকভাবে না জানেন তবে মার্কেট আপনাকে নিয়ে ইদুর বিড়াল খেলবে। প্রতিটা ফাইন্যান্সিয়াল ইভেন্ট সম্পর্কে জ্ঞান অর্জন করতে হবে। কোন কোন বিষয় ফরেক্স মার্কেট কে প্রভাবিত করতে পারে সেসব বিষয় আপনার জানা থাকা একান্ত আবশ্যক।

আপনার অবশ্যই ফান্ড ম্যানেজ তথা মানি ম্যানেজমেন্ট এর উপর ভালো মানের দক্ষতা থাকা জরুরী। টেকনিক্যাল এবং ফান্ডামেন্টাল সম্পর্কে ধরুন আপনার ধারনা কম, কিন্তু মাঝে মাঝে আপনি কিছু প্রফিট পেয়ে যেতে পারেন। কিন্তু মানি ম্যানেজমেন্ট যদি না জানেন অথবা ফান্ড কিভাবে পরিচালনা করবেন সেটা না জানেন তবে আপনি কখনোই আপনার ফান্ড টিকিয়ে রাখতে পারবেন না।

আমার ভাষ্যমতে মানি ম্যানেজমেন্ট হলো ফরেক্স মার্কেটে ফান্ড টিকিয়ে রাখার জন্য মূল উপাদান। অন্য বিষয় গুলিকে আমি ছোট করে দেখতেছি না। আমি শুধুমাত্র মানি ম্যানেজমেন্ট এর গুরুত্ব বোঝাতে চাচ্ছি। যারা মানি ম্যানেজমেন্ট জানে না তাদের ফরেক্স মার্কেটে টিকে থাকার কোন সম্ভবনা একেবারেই নেই।

আমার চোখের সামনে অনেক ফান্ড ঝরে যেতে দেখেছি ভুল মানি ম্যানেজমেন্ট এর কারনে। আমিও প্রাথমিক পর্যায়ে অনেক লস করেছি মানি ম্যানেজমেন্ট এর উপরে সঠিক জ্ঞান না থাকায়।

কখনো লট সাইজ একটি সমস্যা হয়ে দেখা দেয়। কখনো ওভার ট্রেড ফান্ড শূন্য করে দেয়। কখনো সঠিক স্টপলস ব্যবহার না করার কারনে ফান্ড শূন্য হয়ে যায়। সর্বোপরি ট্রেড করার সময় আমরা

জানি না যে, আমরা কতো লস করবো আর কতো প্রফিট করবো। উদ্দেশ্যহীন নৌকার যে পরিনতি হয় আমাদের পরিনতিও ঠিক তেমনই হয়।

তবে একটি মজার বেপার হলো এই যে, আমরা অনেকেই অল্প হলেও মানি ম্যানেজমেন্ট জানি। বাস্তবিক অর্থে আমরা কেউ বুকে হাত দিয়ে বলতে পারবো না যে, আমরা যেটুকু জানি তার সঠিক প্রয়োগ করি। এই ক্ষেত্রে দুইটা জিনিস দায়ী। প্রথমত আমাদের আবেগ এখানে লসের জন্য অনেক বড়ো ভূমিকা পালন করে। আমরা ট্রেড শুরুর আগে হয়তো একরকম চিন্তা করি, আর ট্রেড শুরুর পরে আমাদের বাস্তব চিন্তার সাথে আমাদের ট্রেডের কোন মিল থাকে না।

দ্বিতীয় যে সমস্যা সেটি হলো আমাদের দূর্বল অর্থনৈতিক অবস্থা। আমরা যখন ডিপোজিট করি 100$ ওটা আসলে আমাদের দেশের ৯০০০/- টাকা যা অনেকের একমাসের বেতন। আর আমরা এই অর্থের গুরুত্ব না বুঝে এক ঘন্টায় 100$ লস করি আর চিন্তা করি এটা কোন বেপার না। মাত্র ১০০ লস। কিন্তু যদি টাকার গুরুত্ব দিতাম তবে আমরা হয়তো সতর্ক হয়েই ট্রেড করাতাম।

আমাদের ভুলে গেলে চলবে না যে, ফরেক্স মার্কেটের কোন আবেগ নেই। আপনি যদি এই মার্কেট থেকে কোটি টাকা প্রফিট করে নিয়ে যান এতে মার্কেটের কোন প্রতিক্রিয়া থাকবে না। আবার আপনি যদি এই মার্কেটে কোটি টাকা লস করে সুইসাইডের সিদ্ধান্ত নেন সেখানে মার্কেটের কোন প্রতিক্রিয়া থাকবে না। যার অর্থ দাড়ালো, ফান্ড আপনার, ট্রেড করবেন আপনি, লাভ/লসের ফলটা আপনার ভোগ করতে হবে। আপনি যদি ভালো প্রফিট করেন আপনার পরিবার তা ভোগ করবে, আপনি যদি লস করে তার প্রভাব আপনার ও আপনার পরিবারের উপর পড়বে।

আমাদের দূর্বল অর্থনৈতিক অবস্থার কারনে আমাদের চাহিদা প্রচুর। চাহিদার পাশাপাশি ভালো কিছু করার স্বপ্ন দেখি। কিন্তু আমরা যদি একটি ডিম নিয়ে স্বপ্ন দেখি যে এই ডিম বাচ্ছা দিয়ে তার প্রজন্ম বৃদ্ধি করে আপনাকে কোটিপতি করে দিবে তবে আমি মনে করি আপনি স্বপ্ন সঠিকভাবে দেখতে পারেননি।

আপনার ছোট একটি বিনিয়োগ, যা বিনিয়োগ করতে অনেক কষ্ট সহ্য করতে হয়। সেই অর্থ নিয়ে আমরা কেন অসম্ভব স্বপ্ন দেখতে যাবো? এমন স্বপ্ন আমরা দেখবো যা বাস্তবে সম্ভব। সেই স্বপ্ন আমরা দেখবো যে স্বপ্ন পূরন করা আমার সাধ্যের মধ্যে আছে। বড়ো চিন্তা ও বড়ো স্বপ্ন ভালো তবে সবকিছুর অবশ্যই একটি সুন্দর বাস্তবতা থাকতে হবে।

আমজাদ সাহেব এবং মজনু সাহেব দুজন ব্যবসায়ীর উদাহরণ আপনাদের সামনে আমি উপাস্থাপন করতে পারি।

প্রথমে আমি উদাহরণ দিবো আমজাদ সাহেব কে নিয়ে। এই উদাহরণে আপনার ব্যবসায়ীক দৃষ্টিভঙ্গি পরিবর্তন আনতে পারে।

আমজাদ সাহেব তার নিজ এলাকায় বাজারে একটি মুদির দোকান দিলেন। আমজাদ সাহেব তার ব্যবসায় প্রতিনিয়ত লস করছেন। কারন তার কেনাবেচা কম। দোকান ভাড়া, বিদ্যুৎ বিল, অন্যান্ন

বিল মিটিয়ে যে সামান্য টাকা প্রফিট আসে তা দিয়ে আমজাদ সাহেবের সংসার চলেই না। অথচ একই বাজারে অন্যান্ন মুদি দোকানীরা খুব ভালো প্রফিট করতে পারেন। বিষয়টি সত্যি চিন্তার। (মার্কেটে আমি এন্ট্রি ওপেন করলেই আমার বিরুদ্দে চলে যায়)। আসুন আমরা আমজাদ সাহেবের লসের কারন গুলা পর্যালোচনা করি।

আমজাদ সাহেবের বিজনেস শুরু করার আগে অনেকগুলা বিষয় মাথায় রেখে পরিকল্পনা করা উচিৎ ছিলো। যেমন, প্রথমে তার নিজেকে নিয়ে চিন্তা করতে হবে যে সে মুদি ব্যবসার জন্য পারফেক্ট কিনা। আমরা মানুষ নানামুখি চিন্তা করি এবং পরিবেশ ও পরিস্থিতির কারনে আমাদের যোগ্যতাও ভিন্ন ভিন্ন। তাই কোন কাজ শুরু করার পূর্বে আমাকে ভালোভাবে বুঝে নিতে হবে যে, আমি যে কাজ শুরু করবো সেকাজের জন্য আমার মেন্টালিটি কতোটা পারফেক্ট। আমার মন ও মস্তিস্কের সাথে এই কাজের যথাযথ এডযাস্টমেন্ট আসবে কিনা। আপনি অবশ্যই নিরিবিলি পরিবেশে এসব নিয়ে চিন্তা করুন এবং চারপাশে ঘুরে দেখুন, খোজখবর নিন। সবকিছু মিলিয়ে যদি আপনার মন আপনাকে সায় দেয় যে, হ্যা আমি একাজের জন্য যোগ্য তবেই আপনি সেকাজের ব্যাপার সিদ্ধান্ত নিতে শুরু করতে পারেন।

এবার আপনাকে স্থান, কাল এবং পরিবেশ বিবেচনায় নিতে হবে। আপনি যদি মুদি ব্যবসা শুরু করতে চান তবে আপনি যে স্থানে মুদি ব্যবসা করবেন বলে চিন্তা করতেছেন, সে স্থান মুদি ব্যবসারজন্য কতোটা উপযোগী। এই স্থানে বিজনেস করে আপনার বিজনেস জনপ্রিয় হবে কিনা? এই পজিশনের আপনার প্রতিদন্দি আছে কেমন? ইত্যাদি নিয়ে চিন্তা করে আপনাকে স্থান নির্বাচন করতে হবে। আপনি যদি মাছ বাজার কম্পিউটারের দোকান নিয়ে বসেন তবে চিন্তা করুন তো আপনার বিউজনেস কতোক্ষন টিকিয়ে রাখতে পারবেন?

এবার আপনাকে "কাল" নিয়ে ভাবতে হবে। কাল বলতে আমি সময় বুঝিয়েছি। যে স্থানে যে বিজনেস শুরু করতে চাইছেন সেখানে বিজনেসটা আসলে সারাবছর করতে পারবেন নাকি কোন সিজনাল প্রবেলেম সেখানে আছে তা আপনাকে অবশ্যই চিন্তা করতে হবে।

এছাড়া আপনাকে পরিবেশ এর বিষয়টা মাথায় রাখতে হবে। ধরুন আপনি একটি গ্রামে সাধারন এলাকায় বিজনেস চালু করলেন। আমরা জানি গ্রামের বেশিরভাগ মানুষ নিম্ন আয়ের। এখন আপনি যদি দামী দামী পন্য দিয়ে দোকান সাজিয়ে রাখেন তবে আমায় বলুন যে, সাধারন ক্রেতা কি আপনি পাবেন? অবশ্যই পাবনে না। আপনাকে বুঝতে হবে এখানকার পরিবেশ কি চায়। সাধারন ক্রেতার চাহিদা বিবেচনা করে দোকানে পন্য তুলতে হবে।

এবার আপনাকে মানি ম্যানেজমেন্ট করতে হবে। আপনাকে আগে বিবেচনা করতে হবে যে, মুদি দোকান পরিচালনা করতে গিয়ে আপনার কতো টাকা মাসিক খরচ আছে। এছাড়া কিছু মুদি পন্য নষ্ট হবে, ইদুরে কাটবে ইত্যাদি কারনে কিছু লস মেনেই নিতে হবে। সবকিছু বিবেচনায় আপনার যা মাসিক খরচ আছে তার বিপরীতে আপনি প্রফিট করে সত্যি এখানে টিকে থাকতে পারবেন কিনা। মনে রাখবেন ভাগ্য যেমন দরকার, সুন্দর পরিকল্পনা ও ততোটাই গুরুত্বপূর্ন।

আপনি যদি কোন কাজ শুরুর পূর্বে সুন্দরভাবে পরিকল্পনা করেন তবে আপনার কাজ অলরেডি ৫০% করে ফেললেন। বাকি ৫০% আপনি শুরু করলেই আপনার ভাগ্য আপনাকে সমর্থন করবে ইনশাআল্লাহ।

আমি আশা করি আপনি যদি একজন ফরেক্স ট্রেডার হন তবে এই ছোট কল্পিত গল্পের মাধ্যমে বেশ কয়েকটি পয়েন্ট নোট করতে পেরেছেন।

একজন ফরেক্স ট্রেডার ফরেক্স মার্কেটে সফল না হওয়ার পিছনে অনেক গুলা কারন থাকে। তার মধ্যে মানি ম্যানেজমেন্ট অন্যতম।

এবার আমরা মজনু সাহেবের সম্পর্কে আলোচনা করতে পারি।

মজনু সাহেব একজন সচেতন মানুষ। তিনি কোন ব্যবসা করে নিজের ক্যারিয়ায়র গড়তে চান। মজনু সাহেব কে বন্ধুবান্ধব আত্মীয় পরিজন শুভাকাঙ্ক্ষী সবাই বিভিন্ন বিজনেসের আইডিয়ে দিতে থাকে। তবে মজনু সাহবে কারো কথা বা পরামর্শের ভিত্তিতে না, বরং নিজের আত্মবিশ্বাস ও মনের সিদ্ধান্তের উপরে ভিত্তি করে বিজনেস করার সিদ্ধান্ত নিতে আগ্রহী।

এবার মজনু সাহবে নিকটস্থ মার্কেটে গেলেন। প্রায় সব ধরনের বিজনেসব প্রতিষ্ঠান এবং ক্রেতাদের পর্যবেক্ষন করতে লাগলেন। এভাবে কিছুদিন পর্যবেক্ষন করে তিনি কয়েকটি বিজনেসের লিস্ট তৈরি করে ফেললেন। এবার তিনি মানি ম্যানেজমেন্ট করলেন। তিনি ভালোভাবে হিসেব করে দেখলেন তার কতো টাকা খরচ আছে। তিনি দেখলেন এমন কিছু ব্যায় আছে যা তার আয় না থাকলেও তাকে ব্যায় করতেই হবে। সেজন্য তার অবশ্যই একটি রিজার্ভ ফান্ড চাই। যেনো সেই ফান্ড দিয়ে বিশেষ মুহুর্তে নিজের জন্য ও বিজনেসের জন্য কাজে লাগানো যায়। এরপর তিনি আয় ব্যায় এবং পজিশন বিবেচনা করে একটি বিজনেস করতে শুরুকরেন এবং তার সফলতা অবশ্যই আসা উচিৎ। সর্বপরি তিনি বিবেচনা করলেন যে এই বিজনেস তার মেন্টালিটির সাথে এডযাস্ট করবে কিনা।

প্রিয় পাঠক আমি দুইটা গল্পের মধ্যে এমন কিছু বিষয় আলোচনা করেছি তা যদি আপনি হৃদয় দিয়ে অনুভব করতে পারেন তবে আপনি আপনার ব্যবসায়ীক ক্যারিয়ারের জন্য সঠিক সিদ্ধান্ত নিতে পারবেন ইনশাল্লাহ।

আমরা দ্বীর্ঘক্ষন সাধারন আলোচনা করলাম একারনে যে আপনি যেনো একতি বিজনেস শুরু করার পূর্বে বুঝে সিদ্ধান্ত নিতে পারেন। আমি যে মানি ম্যানেজমেন্ট সিস্টেম আপনাদের সামনে উপাস্থাপন করতে যাচ্ছি তা মূলত ফরেক্স কেন্দ্রিক। তাই আপনি যদি একজন ফরেক্স ট্রেডার হন তবে পরবর্তী আর্টিকেল গুলা আপনার জন্য খুবি মূল্যবান।

ফরেক্স মানিম্যানেজমেন্ট

সত্যি বলতে মানি ম্যানেজমেন্ট এর কয়েকটি স্তর রয়েছে। তবে আমি বিভিন্ন স্তর নিয়ে কোন প্রকার আলোচনা করতে চাই না। আমি মূল বিষয়বস্তু আপনাদের সামনে তুলে ধরতে চাই। মানি ম্যানেজমেন্ট নিয়ে অনেক বিভ্রান্তি ও রয়েছে। আমি আশা করি আমার দেখানো সিস্টেম যদি ফলো করেন তবে অবশ্যই আপনার ট্রেডিং প্রফিটেবল হবে ইনশাআল্লাহ।

আমি লং ট্রেডিং এবং শর্ট ট্রেডিং এর উপরে মানি ম্যানেজমেন্ট নিয়ে আলোচনা করতে চেষ্টা করবো ইনশাআল্লাহ।

মানি ম্যানেজমেন্ট কি?

মানি ম্যানেজমেন্ট হলো নিজের মূলধনের সঠিক বিনিয়োগ এবং সফল বিজনেস প্রক্রিয়া। অপচয় এবং অপব্যায় আপনার মূলধন কে কমিয়ে দেয়। আর সঠিক মানি ম্যানেজমেন্ট এর মাধ্যমে আপনি সবকিছু সঠিকভাবে নিয়ন্ত্রণ করতে পারবেন।

মানি ম্যানেজমেন্ট হলো সঠিক উপায়ে বিজনেস করে সফল হওয়ার রাস্তা।

ফরেক্স মার্কেটে যদি আপনি সফলতা পেতে চান তবে আপনার অবশ্যই একটি সুন্দর মানি ম্যানেজমেন্ট সিস্টেম থাকা অত্যান্ত জরুরী।

মানি ম্যানেজমেন্ট হলো সঠিক ভাবে বিনিয়োগ ও নিয়ন্ত্রিত প্রফিট/লস ম্যানুপুলেট করা।

আসলে মানি ম্যানেজমেন্ট এর সংগা অনেক দেয়া যাবে। তবে আমাদের আসল সারমর্ম বুঝতে হবে।

ফরেক্স মার্কেটে মানি ম্যানেজমেন্ট হলো মূলধন পরিচালনার মূলমন্ত্র। টোটাল ট্রেডিং সিস্টেমের Head of Control হলো মানি ম্যানেজমেন্ট। কোন প্রানীর শরীর থেকে যদি ব্লাড আস্তে আস্তে বের করে নেওয়া হয় তবে সেই প্রানী ধিরে ধিরে নিস্তেজ হতে থাকে। আর কোন ট্রেডার যদি তার মানি মযানেজমেন্ট কে অবজ্ঞা করে বা ছেড়ে দেয় তবে তার ফান্ড ও ঠিক একসময় হারিয়ে যায়।

মানি ম্যানেজমেন্ট না মেনে কোন ট্রেডার সাকসেস হয়েছে এমন টা দেখা যায় না। তবে মানি ম্যানেজমেন্ট মেনে সাকসেস হয়েছেন এমন উদাহরণ অনেক আছে।

আমরা বিশ্বের বড়ো বড়ো ধনী ব্যক্তিদের দিকে যদি দেখি, তারা কি ফরেক্স মার্কেটে বিনিয়োগ করেন না অবশ্যই করেন। বিশ্বের নামি দামী ব্যাং ও আর্থিক প্রতিষ্ঠান ফরেক্স মার্কেটে বিনিয়োগ করে এবং সুন্দর মানি ম্যানেজমেন্ট করে নিয়মিত প্রফিট করে।

আর্থিক প্রতিষ্ঠানের ট্রেড করার জন্য আলাদা টিম থাকে। এদের আবার ভাগ আছে। কোন টিম টেকনিক্যাল সাইড দেখে, কোন টিম ফান্ডামেন্টাল দেখে, কোন টিম মানি ম্যানেজমেন্ট দেখে। এভাবে তারা টিম নিয়ে সাকসেফুল ট্রেড করে থাকে।

আর আমাদের মতো খুচরা ট্রেডারগন নিজেরাই একশো। আমরা একসাথে সবকিছু সামলাই। তবুও আমাদের ধন্যবাদ পাওয়া উচিৎ।

মানি ম্যানেজমেন্ট না মানার কুফল

অনেকেই ভাবতে পারেন মানি ম্যানেজমেন্ট না মানলে কি এমন ক্ষতি হতে পারে! আমি এর ক্ষতির দিক গুলা নিয়ে এবার আলোচনা করবো।

ধরুন আপনার 1000$ এর একটি ফান্ড আছে। যা দিয়ে আপনি নিজের একটি ক্যারিয়ার গড়ার স্বপ্ন দেখেন। এখন আমাকে যদি প্রশ্ন করেন যে, আমার পক্ষে কি উক্ত মূলধন নিয়ে ফরেক্স বিজনেস করে ক্যারিয়ার গড়া সম্ভব? আমার উত্তর হবে হ্যা সম্ভব তবে! কিছু শর্ত আপনাকে পূরন করতে হবে। সেসব শর্তের মধ্যে সবচাইতে বড়ো ও গুরুত্বপূর্ন শর্তের একটি হলো একটি সুন্দর মানি ম্যানেজমেন্ট কন্সেপ্ট আপনার থাকা লাগবে। তবেই আপনাকে দিয়ে আশা করা যায় আপনি উক্ত মূলধন দিয়ে নিজের ক্যারিয়ার গড়তে পারবেন।

আপনার যদি সুন্দর মানি ম্যানেজমেন্ট সিস্টেম না থাকে তবে আপনি ক্ষতির জন্য তৈরি থাকুন। যদি কেউ সুদে টাকাও লাগায় তার ও একটি সুন্দর মানি ম্যানেজমেন্ট কনেপ্ট থাকে। তবে ফরেক্স মার্কেটে বিষয়টা ব্যাতিক্রম। আমার দেখা প্রায় ৯৭% ট্রেডার নিজের কোন মানি ম্যানেজমেন্ট

ফলো করে না। প্রশ্ন করতে পারেন তাহলে এরা কি মানি ম্যানেজমেন্টা জানে না? এরা প্রায় সবাই মানি মযানেজমেন্ট জানে তবে মানে না।

একজন দিন মুজুর ও তার জীবনে মানি ম্যানেজমেন্ট করে তাই অল্প আয়ের সংসার ও চলে যায়।

আপনি একজন ফরেক্স ট্রেডার আপনি কেন মানি ম্যানেজমেন্ট ফলো করবেন না?

যখন কোন ট্রেডার মানি ম্যানেজমেন্ট না মেনে ট্রেড করে, তখন কিছু ভুল তার নিজের অজান্তেই তার ব্রেইনে পুশ হয়ে যায়। সে জানেই না সে আজকে কতো প্রফিট করতে চায়। অথবা তার লস লিমিট কতো? আমাদের ফান্ড শূন্য হওয়ার জন্য এই নেগেটিভ উপাদনাই যথেষ্ট। আপনি যদি কোন নৌকাকে একটি নদীতে একা ছেড়ে দেন কোন মাঝি না থাকে আর যদি চিন্তা করেন যে, এই নৌকা ঘুরতে ঘুরতে আপনার ঘাটেই এসে ভিড়বে! এটাকে আপনি কি বোকামী বলবেন নাকি অন্যকিছু ভেবে দেখুন তো।

আমরা একটি এন্ট্রি ওপেন করে অনেকেই স্টপলস ইউজ করতে চাই না, আর আশা করতে থাকি মার্কেট প্রাইস ঠিক যায়গামত আসবে। একের পর এক ট্রেড আটকাতে থাকে আর আমাদের একটাই আশা কাজ করে যে, এই এন্ট্রি গুলা প্রফিটে আসবে। সত্যি বিষয়টা গভীরভাবে চিন্তা করে দেখা উচিৎ। কারন প্রতিটা মানুষ বেচে থাকে আশা নিয়ে।

আবার কিছু ট্রেডার স্টপলস ইউজ ঠিকই করে তবে সে স্টপলস চেঞ্জ করতে থাকে। তার ধারনা অমুক লেভেল থেকে মার্কেট একসময় ফিরবে। ওই যে, মানুষ আশা নিয়ে বাচে। কিন্তু উপরের দুই শ্রেনীর ট্রেড্রার কখনোই নিজের প্রফিটে থাকা এন্ট্রি ধরে রাখতে সক্ষম নয়। কারন তারা নিজেদের চাওটা ঠিক রাখতে পারে না। এখনো তারা নিজেদের সঠিক কোন লক্ষ্য নির্ধারন করেনি। এদের একটাই ফলাফল দাঁড়ায়, যতো বড়ো ফান্ডই হোক না কেন এরা তা হারাবেই।

আর এক শ্রেনীর ট্রেডার আছেন যাদের লট সাইজের উপরে কোন নিয়ন্ত্রণ নেই। প্রথমে একটা দুইটা ছোট লটের এন্ট্রি নেয়। এরপরে আস্তে আস্তে লট বাড়তে থাকে। যদি প্রফিট করে আলহাদুলিল্লাহ। কোন ভাবে যদি লস হয়ে যায় তবে সে উক্ত লস দ্রুত রিকভার করার জন্য এগ্রেসিভ ট্রেড করতে শুরু ক্রে। ব্যালেন্সের মার্জিনের সর্বোচ্চটা ইউজ করে বসে। দুএকবার লাইফে রিকভার সম্ভব হলেও অধিকাংশ সময় এই এগ্রসিভ আচারন তার ব্যালেন্স শূন্য করে দেয়।

আমাদের ট্রেডার কমিউনিটিতে এক ধরনের ম্যানেজমেন্ট চালু আছে। যদি তোমার 1000$ ব্যালেন্স থাকে তবে তুমি সর্বোচ্ছ 0.10 লট ভলিউমে ট্রেড নিতে পারবা। এখন এই লট চাইলে একটি এন্ট্রিতে ইউজ করতে পারবা অথবা ছোট ছোট করে একাধিক এন্ট্রি নিতে পারবা। এই ধরনের সিস্টেম একজন বিগেনারের জন্য কিছু ক্ষেত্রে সঠিক। এতে একজন বিগেনার কিছুদিন রিয়েল মার্কেটে ট্রেড করতে পারবে। তবে সমস্যা হলো একজন বিগেনার এই বিষয়টি বেশিক্ষন ফলো করবে না। কারন কোন একটি এন্ট্রি অথবা একাধিক এন্ট্রিতে সে যদি লস করে বসে তখন

তার সাইকোলজি নষ্ট হয়ে যাবে এবং সে লট সাইজ ঠিক রেখে আর ট্রেড করতে পারবে না। সকল সিস্টেমকে বাদ দিয়ে নিজের আবেগ ও মন গড়া সিস্টেম দিয়ে ট্রেড শুরু করে। ফলাফল দাঁড়াবে সে দ্রুত তার মূলধন হারাবে। এরপর সে এতো বেশি রেগে থাকবে যে, তার কাছে পৃথিবীর সবকিছু তিতা লাগবে।

যদি একজন বিগেনার কে সঠিক মানি ম্যানেজমেন্ট বুঝিয়ে দেওয়া যায় তবে অন্তত প্রতি ১০ জনে দুইজন এই মার্কেটে টিকে থাকতে পারবে। আমাদের মাঝে অনেক মেধাবী আছে। কিন্তু কিছু অসাধু লোকের কারনে কমিউনিটিতে এই মেধাবীদের সঠিক নার্সিং করা সম্ভব হচ্ছে না। যার ফলে এই মেধাগুলা হারিয়ে যাচ্ছে।

আসল বেপার হলো আপনি যদি প্রপার মানি ম্যানেজমেন্ট না মানেন তবে আপনার ব্যালেন্স খুব দ্রুত হারাবেন। একজন ফরেক্স ট্রেড্রারকে যদি টিকে থাকতে হয় তবে তার মানি ম্যানেজমেন্ট এর উপরে দক্ষ্য হতে হবে। আর একজন ফরেক্স ট্রেডার কে যদি প্রফিটেবল হতে হয় তবে তাকে টেকনিক্যাল, ফান্ডামেন্টা, সাইকোলজি এবং মানি ম্যানেজমেন্ট সঠিক ভাবে জানতে হবে। এর কোন একটি আইটেম ও যদি আপনার ঘটাতি থাকে তবে আপনি প্রফিটেবল হতে পারবেন না।

মুর্দা কথা এই যে, একজন ভালো ট্রেডারের কোয়ালিটি হলো সে মানি ম্যানেজমেন্ট সঠিকভাবে পালন করবে। যদি সে তা অমান্য করে তবে সে কিছুদিন পর পর নিজের ব্যালেন্স শূন্য করতে থাকবে। একসময় সে ফরেক্স মার্কেটে হতাশ হবে। হয় সে ফরেক্স ছেড়ে দিবে না হয় সে দরবেশের ভূমিকায় চলে যাবে। আমার প্রতিটা কথা হৃদয় দিয়ে অনুভব করুন আর পারিপার্শিক অবস্থার বিবেচনা করুন। নিজের ট্রেডিং হিস্ট্রির দেখুন আর চিন্তা করুন আমার কোন কোন কথা আপনার হিস্ট্রির সাথে মিলে যাচ্ছে। যদি আপনি কিছু বিষয়ের মিল খুজে পান তবে আপনি এর সমাধান করতে চাইবেন। ইনশাআল্লাহ দ্রুতই আপনার এইসব সমস্যার নিরাময় পাবেন।

আমি আমার ব্যাক্তি জীবনের অভিজ্ঞতা থেকে বলতে পারি আমার লাইফে যতো লস করেছি তার প্রায় ৮০% লস এসেছি মানি ম্যানেজমেন্ট ফলো না করে ট্রেড করার কারনে। প্রত্যেকবার ট্রেড করার আগে ভাবি যে, আর ভুল করবো না। কিন্তু অদৃষ্য কোন শক্তির প্রভাবে আমি ভুল করে ফেলি। তাই আমাদের অর্থ বিনিয়োগের আগে আমাদের সমস্যাগুলা দূর করতে হবে। মানি ম্যানেজমেন্ট না মানা একটি রোগ। এই রোগের প্রভাবে আর্থিক ও মানুষিক ভাবে অনেক বড়ো ক্ষতি হতে পারে। একটি পরিবার রাস্তায় নেমে আসতে পারে।

আমাদের বুঝতে হবে যে, আমাদের বিনিয়োগকৃত অর্থ অনেক কষ্টে উপার্জিত। ওই অর্থে আমাদের পরিবারের হক রয়েছে। আমি যদি জুয়ার আসরের মতো মুহুর্তেই তা লস করে দেই এবং এর পর বাংলা সিনেমার হিরোদের মতো রিএকশন দেখাই আর বিড়ি টানি এতে ভালো কিছু হবে না।

আমাদের আবেগ নিয়ন্ত্রণ করতে হবে শক্তভাবে। একটি বড়ো ভবনের দিকে দেখুন...। ভবনটি দাঁড়িয়ে আছে শক্তভাবে। এর প্রতিটি স্তর অত্যান্ত শক্ত এবং প্লান মাফিক তৈরি করা হয়েছে। এই ভবন যদি বিশৃঙ্খল ভাবে নির্মান করা হতো তবে সে কখনোই দাঁড়িয়ে থাকতো না। পৃথিবীর প্রতিটি বিষয়ে শৃঙ্খলা থাকতে হবে অন্যথা সবকিছুতেই নেগেটিভ চলে আসবে।

আজকে যদি আপনার সময়ের সঠিক মূল্যায়ন না করেন তবে কাল এবং পরশু দেখবেন আপনি পিছনে পড়ে আছেন আর অন্যকেউ সামনে চলে গেছে। আমাদের প্রতিদিন নিজেকে আপডেট করতে হবে। সময় আর আমাদের আশপাশের মানুষ উভয় চলমান। আমি যদি থেমে থাকি তবে আমাকে সবার পিছে পড়ে থাকতে হবে। আমি যেমন সময়ের সাথে তাল মিলিয়ে চলবো ঠিক তেমনি সেরা কাজ টা করার জন্য নিজের সেরাটা দিয়ে চেষ্টা করতে থাকবো। ইনশাআল্লাহ আমাদের সফলতা খুব নিকটে।

ফরেক্স মানি ম্যানেজমেন্ট ব্যাসিক

মানি ম্যানেজমেন্ট এর অবশ্যই স্টেজ আছে। একজন বিগেনার যদি এডভান্স লেভেলের মানি ম্যানেজমেন্ট দিয়ে ফরেক্স শুরু করতে যায় তবে সে ফরেক্সে অনেক দেরিতে সফল হবে। কারন বিগিনিং স্টেজে অনেক বিষয় আছে যা জানা আবশ্যক। বিগিনিং স্টেজে একজন ট্রেডার প্রচুর ভুল করবে। আর যতো ভুল ততো বেশি শিক্ষা লাভের সুযোগ তৈরি হবে। তবে একটি বিষয় মাথায় রাখতে হবে যে, কোন অবস্থায় যেনো একি ভুল বার বার না করি। একই ভুল বার বার করার অর্থ হলো আপনি নিজের প্রতি কন্ট্রোল রাখতে পারতেছেন না।

আমি যখন ফরেক্স শুরু করি তখন মানি ম্যানেজমেন্ট এর উপর বেশ কিছু বাংলা আর্টিকেল পড়ার সুযোগ হয়েছিলো। সেই একই ধাচের আর্টিকেল এখনো অনলাইনে ভেসে বেড়াচ্ছে। আমি সেই আলোকে কিছু বলতে চাই।

আমি শিখেছিলাম প্রতি ১০০ ডলারের ফান্ডের জন্য মাত্র 0.01 লটে ট্রেড করতে হবে। তাহলে লস অল্প হবে। আমার এই শিক্ষার মাধ্যমে একটি জিনিস বুঝতে পেরেছিলাম তাহলো, লস অল্প হবে

কিন্তু প্রফিট হবে না। যদিও আমরা ট্রেড করি প্রফিট এর প্রত্যাশায়। তবে মনে রাখতে হবে বিগিনিং স্টেজে যারাই অর্থের পিছনে ছুটেছে তারাই এই মার্কেট থেকে ছিটকে পড়েছে।

0.01 লটে ট্রেড করে আপনি একটি ফান্ড অনেকক্ষন ধরে রাখতে পারবেন। যেকোন পেয়ারে 0.01 লটে ১০০ ডলার শেষ হতে অনেক সময় লাগবে। তবে এই সিস্টেমে প্রপার স্টপলস আমি খুজে পাইনি। টেকনিক্যাল লেভেলে যেসব যায়াগায় স্টপলস পজিশন চিহ্নিত হয় এতে দেখা যায় কোনটায় প্ঞ্চাশ পিপ্স লস মানতে হবে আবার কোনটায় ষাট পিপ্স আবার কোনটায় ত্রিশ পিপ্স। এভাবে যদি লস করতে থাকি তবে ফান্ড আসলেই টিকবে না। বিগিনিং স্টেজে আরো একটা সমস্যা হলো এন্ট্রি স্টপলস পর্যন্ত মেনে নিতে পারলেও প্রফিট টার্গেট পর্যন্ত রাখা সম্ভব হয় না। ফলে প্রফিটের চেয়ে লস বেশি হতে থাকে। আর একারনে ফান্ড ধিরে ধিরে হারিয়ে যায়।

আরো একটি সমস্যা আছে সেটি হলো, বিগিনিং স্টেজে এই সমস্যা খুব বেশি দেখা যায়। যদি কোন একটি এন্ট্রিতে একটি এমাউন্ট লস হয়ে যায় তখন উক্ত লস রিকভার করার জন্য একজন ট্রেডার রিতিমতো যুদ্ধ শুরু করে দেয়। ৯৫% ট্রেডার লস রিকভার করতে গিয়ে আরো বেশি লসের সম্মুখিন হয়।

এখানে আমরা দুইটি রোগ খুজে পেলাম। প্রথমত লস এন্ট্রি ধরে রাখতে পারি কিন্তু প্রফিট ধরে রাখতে পারি না যদি তা লসে চলে যায় সেই ভয়ে। দ্বিতীয় হলো লস রিকভার করতে গিয়ে আমরা আরো বেশি লস করে ফেলি।

এই রোগ দুইটি যাদের মধ্যে আছে তাদের ক্ষেত্রে আমি বলবো আপনার নিজের প্রতি কোন কন্ট্রোল নেই। আপনার সময় হয়েছে নিজেকে নিয়ে নিরিবিলি একাকি সময় দিয়ে নিজের ভুলত্রুটি শুধ্রে নেওয়ার। আপনাকে ভাবতে হবে আপনার কোনটা করা উচিৎ আর কোনটা করা উচিৎ নয়। এই বিষিয়গুলা যদি বিগিনিং স্টেজে সলভ করতে না পারেন তবে আপনি যতোই উপরে উঠেন না কেন এই সমস্যার কারনে সাকসেস হতে পারবেন না। প্রতিনিয়ত একি ভুল বার বার করবেন আর বার বার লস করবেন। সময়ের সাথে সাথে নিজেকে বদলাতে হবে। একবার ভাবুন তো আপনি ফরেক্সে শেখার পিছনে কতো বছর নষ্ট করবেন? অনেকে বলে পাছবছর লাগে শিখতে। এখানে আমি ভিন্ন ভাবে কথা বলি। আপনি শিখে ফেলবেন একবছরের মধ্যে এবং অভিজ্ঞ হবে প্রতিনিয়ত।

আমরা বিগিনিং স্টেজে একটি বড়ো ভুল করি, তা হলো ফরেক্স শেখার পাশাপাশি আমরা আয়ের জন্য চেষ্টা করি। এটা আমাদের জণ্য ক্ষতির অন্যতম কারন।

আমি টাইম ম্যানেজমেন্ট করে নিবো। আমি একবছর ধরে শুধু শিখব, আমি আরো একবছর যা শিখেছি তা প্রাকটিস করবো, আমি আরো একবছর আমার সিস্টেম পরিক্ষা করতে ব্যায় করবো। এই তিনবছর পরে আমি সফলতার রাস্তায় পা বাড়াবো। এই তিনবছর যদি কেউ আয়ের জন্য

ব্যাকুল হয়ে পড়েন তবে আপনার জন্য ফরেক্স ট্রেডিং না। আমাদের দেশের মানুষের মাঝে আমি অস্থিরতা দেখেছি প্রচুর। এমন অস্থিরতা দেখেছি আফ্রিকানদের মধ্যেও। দ্রুত রেজাল্ট প্রত্যাশা করে।

বিগিনিং স্টেজ এর আলোচনা শেষ। জানি না আপনি কতোটা শিখতে পেরেছেন। আমি আশা করি আপনি একজন জ্ঞানী ব্যক্তি। অবশ্যই আমার লেখার মধ্যে কিছু না কিছু খুজে পাবেন ইনশাআল্লাহ। আর জ্ঞানীরা সব যায়াগ্য জ্ঞান আহরন করতে চেষ্টা করতে থাকে।

মানি ম্যানেজমেন্ট সিস্টেম

এতোক্ষন কিছু বাস্তবতা আপনাদের মাঝে তুলে ধরেছি। এবার প্রকৃত মানি ম্যানেজমেন্ট সিস্টেম আপনাদের সামনে উপাস্থাপন করব। এই সিস্টেম আমি আমার অভিজ্ঞতা থেকে বর্নান করতেছি।

আমি এডভান্স মানি ম্যানেজমেন্ট শিখেছিলাম এক ভাইয়ের কাছে। তিনি যা শিখিয়েছিলেন আমি তার হুবহু তুলে ধরার চেষ্টা করতেছি।

আমাদের ফান্ড 1000$ হবে। সর্বোচ্চ 0.10 লটে আমি ট্রেড করতে পারবো। উক্ত লট ভলিউম একসাথে একটি এন্ট্রির মাধ্যমে ইউজ করতে পারি অথাব 0.01 করে দশটি এন্ট্রি নিতে পারি। একসাথে পুরা লট সাইজ ইউজ করলে হবে কি, লস হলে লস আর প্রফিট হলে প্রফিট। আর যদি

লট ছোট করে দশটি পেয়ারে দশটি এন্ট্রি নেয়া যায় তবে একসাথে সবগুলা লস হবে না। লাভলস মিলিয়ে প্রফিটে থাকার সম্ভবনা থাকে। এবং তিনি আমাকে বলেন যে, লট সাইজ সব এন্ট্রিতে সেইম থাকবে তবে স্টপলস যা আসবে প্রফিট যেনো তার দ্বিগুন সেট করি।

তিনি লজিক দেখালেন যে, আমি দশটি টচ করব। ম্যান হলে ১০ টাকা পাবো আর শাপলা পড়লে পাচ টাকা লচ হবে (1:2) ফলো করতে হবে। তিনি করেও দেখালেন এবং তিনি বিজয়ী হলেন। আমিও খুব খুশি হলাম। তিনি দেখালেন যদি আমাদের ৫০% এন্ট্রি প্রফিট হয় আর বাকি ৫০% এন্ট্রি লসে যায় তবুও আমরা প্রফিটে থাকবো কারন আমরা যা লস নিচ্ছি প্রফিট তার দ্বিগুন নিচ্ছি। যার অর্থ হলো লট সাইজ সব এন্ট্রিতে সেইম থাকবে এবং প্রতিটা এন্ট্রিতে আমরা যা স্টপলস দিবো তার দ্বিগুন প্রফিট সেট করবো। আমি সিস্টেম টা শিখে বাস্তবে এপ্লাই করতে গিয়ে দেখি এই সিস্টেম খুব ভালো তবে এর কিছু দূর্বলতা রয়েছে।

দূর্বলতা হলো, যখন আমি ট্রেড করতে যাই আমার সকল এন্ট্রির লট সাইজ সেট করি 0.01 সাইজে। কিন্তু আমি যখন স্টপলস দিচ্ছি তখন কোন এন্ট্রির স্টপলস আসতেছে ত্রিশ পিপ্স আর প্রফিট ৭০ পিপ্স। আবার কোন এন্ট্রির স্টপলস ৫০ পিপ্স এবং টিপি ৮০ পিপ্স। এর ফলে আমার প্রতিটি এন্ট্রি পজিশনের লস/প্রফিট রেসিও 1:2 থাকতেছে না। এবং আমি লস করতেই থাকলাম। তবে একটি উপকার পেলাম তা হলো, আমার লসের পরিমান পূর্বের চেয়ে কমে আসলো।

প্রতিটা সিস্টেমের কিছু ভালো ও মন্দ দিক থাকে। একটি সিস্টেম যে বিল্ড করেছে সে এর ভালো ও মন্দ বিষয় ভালো বুঝতে পারবে। যেসব ব্যক্তি সফল হয় তারা কোন কিছুকেই হাল্কা করে দেখে না। কোন সিস্টেম যদি ৩০% কাজ করে তবে সফল ব্যাক্তিরা ওখান থেকে ৩০% পজেটিভ নিবে এবং বাকি ৭০% নেগেটিভ থেকে শিখবে।

অসফল ব্যাক্তিরা সবসময় ভুল ভ্রান্তি ও দোষ ত্রুটি খুজে বেড়ায়। এরা এসবের পিছনে জীবনের অনেক বড়ো একটি সময় ব্যায় করে ফেলে এবং কখনোই সফলতার মুখ দেখে না। অন্যের দোষ খুজতে খুজতে নিজের দোষ তার চোখে পড়ে না ফলে আর নিজেকে শুধ্রে নিতে সময় ও পায় না।

আমি উক্ত সিস্টেমকে নিয়ে অনেক কাজ করতে শুরু করলাম। অনেক চিন্তা করতে থাকলাম যে কিভাবে একটি ভালো মানি ম্যানেজমেন্ট সিস্টেম স্টাবলিশড করা যায়। আমি উল্লিখিত সিস্টেম থেকে কিছু অংশ নিয়ে নিলাম এবং কিছু অংশ বাদ দিলাম। এরপর আমি নিজেই অবাক হলাম। কারন আমার সিস্টেম আরো উন্নত হলো এবং লস কমে গেলো এবং প্রফিট এর পরিমান আরো বেড়ে গেলো। আমি পুরা সিস্টেম উল্লেখ করবো ইনশাআল্লাহ।

মানি ম্যানেজমেন্ট সিস্টেম হলো আপনার একটি পরিকল্পনা যা আপনি বাস্তবায়ন করার জন্য চেষ্টা করবেন।

আমি আমার মতো করে আপনাদের সিস্টেমটি বোঝাচ্ছি। আপনারা আপনাদের মতো করে বুঝে নিয়ে এটি কাজে লাগানোর চেষ্টা করুন। আপনি আপনার ফান্ড ও চাহিদার উপর ভিত্তি করে আমার এই সিস্টেম ফলো করতে পারবেন।

আমাদের মূলধন হবে 2000$, কারন সামান্য ব্যালেন্স নিয়ে এই মার্কেটে টিকে থাকা অসম্ভব। আপনি হয়তো সাময়িক সময়ের জন্য কিছু প্রফিট করতে পারবেন তবে বাস্তবে আপনি বেশিদিন টিকে থাকতে পারবেন না।

আমাদের প্রফিট টার্গেট হবে প্রতি মাসে মূলধনের ২০%, আমরা টার্গেট আরো বেশি নিতে পারি তবে এতে আমাদের ফান্ডের প্রতি প্রেশার বেড়ে যাবে। আমাদের গাছ বাচিয়ে ফল খাইতে হবে। গাছ বেছে থাকলে কোন একসময় ফল পাবো এমনটা আশা করা যায়। কিন্তু গাছই যদি না থাকে তবে কি আশা করতে পারি? তাই আমরা এমন একটি টার্গেট নির্ধারন করবো যেনো আমাদের ফান্ড ক্ষতিগ্রস্থ না হয়।

আমরা একটি লস মেনে নিয়ে ট্রেড করবো। আমাদের লস টার্গেট থাকবে মূলধনের ১০%, আমরা যদি লস মেনে না নেই তবে এটা কখনোই বিজনেস হতে পারে না। আমরা প্রতি মাসে আমাদের মূলধনের ১০% লস মেনে নিতে রাজি আছি।

এখন আমাদের প্রতিজ্ঞা করতে হবে যে, আমি ১০০% মানি ম্যানেজমেন্ট মেনে ট্রেড করবো ইনশাআল্লাহ। কোন মাসে যদি আমার ২০% প্রফিট চলে আসে তবে ওই মাসে আর কোন ট্রেড নিবো না। আবার কোন মাসে যদি ১০% লস হয়ে যায় তবে ওই মাসে আর কোন ট্রেড নিবো না। মাত্র এতোটুকু যদি আপনি মেনে চলেন তবে আমার মনে হয় আপনি একটি বাইন্ডিংস এর মধ্যে চলে আসলেন। এবার আরো কিছু রুলস আমাদের মানতে হবে।

যেহেতু আমাদের 2000$ মূলধনে প্রফিট টার্গেট 20% মানে 400$, আর আমরা লস মেনে নিতে রাজি আছি 10% মানে 200$, এর অর্থ দাঁড়ায় আমরা একটি সিস্টেমে প্রবেশ করেছি।

প্রতি মাসে আমাদের প্রফিট টার্গেট 400$ হলে লস টার্গেট 200$, প্রতি সপ্তাহে প্রফিট টার্গেট দাঁড়ায় 100$ এবং প্রতি সপ্তাহে লস টার্গেট দাঁড়ায় 50$, প্রতিদিন আমাদের প্রফিট টার্গেট হবে 25$ এবং প্রতিদিন আমাদের লস টার্গেট হলো 12.50$.

এর অর্থ দাড়ালো আমাদের 200$ মূলধন দিয়ে প্রতিদিন মাত্র 25$ প্রফিট করতে হবে। বুকে হাত দিয়ে একবার বলুন তো এটা কি অসম্ভব? মোটেও না। আমি প্রতিদিন মাত্র 25$ প্রফিট পাওয়ার জন্য ট্রেড করবো এবং লস হলে তা কখনোই 12.50$ এর বেশি হবে না। আমি জানি যে কোন ট্রেডার মাথা ঠান্ডা রেখে ট্রেড করলে খুব সহজেই এই প্রফিট করতে পারবেন। এবং মাস শেষে

যদি হিসাব করি তবে তা দাঁড়ায় 400$ যার বাংলা টাকা প্রায় ৩৫০০০/- টাকার মতো। এটা অনেক মানুষের বেতনের চেয়েও অনেক বেশি।

তবে এখানে আসল সমস্যা হয়ে দাঁড়ায় আমরা কতো প্রফিট করবো তা আমরা জানি না। নদীতে যদি একটি নৌকা ছেড়ে দেন এবং তাতে কোন মাঝি না রাখেন আর প্রত্যাশা করেন যে, নৌকা ঘুরে ফিরে আপন ঘাটেই ভিড়বে তবে এটাকে কি বোকামি বলবো না!

আপনার বিনিয়োগ যতো বড়োই হোক না কেন, আপনি যদি একটি প্লান না করে ট্রেড করেন তবে আপনি লস করতেই থাকবেন। প্রফিটের যেমন একটা টার্গেট নিতে হবে ঠিক তেমন লসের ও একটি টার্গেট রাখতে হবে। কোন কারনের টার্গেট এমাউন্ট লস হয়ে গেলে ট্রেড অফ করে দিন। যতো ভালো সুযোগ আসুক ট্রেড কইরেন না। আবার প্রফিট টার্গেট পূরন হলে ট্রেড অফ রাখুন, এনজয় করুন। দেখবেন আপনার অনেক মানুষিক প্রশান্তি আসবে। ধিরে ধিরে আপনার ট্রেডিং কোয়ালিটি আরো বাড়বে ইনশাআল্লাহ।

আমরা আমাদের লস/প্রফিট টার্গেট সেট করে নিলাম এবার আমরা লট সাইজ সেট করবো। আমার ট্রেডিং স্টাইল হবে 1:2 রেসিও। তাই আমরা 25$ প্রফিট করার জন্য চাইলে একটি বড়ো লট সেট করে প্রফিট নিয়ে নিতে পারি। অথবা আমরা ছোট ছোট কয়েকটি এন্ট্রি নিতে পারি। যেমন 0.05 লট ভলিউমে যদি EURUSD পেয়ারে ট্রেড করি তবে আমাদের ৫০ পিপ্স গেইন করতে হবে। এক্ষেত্রে ২৫ পিপ্স আমাদের লস মেনে ট্রেড করতে হবে। আমরা চাইলে 0.10 লটে ট্রেড করে ২৫ পিপ্স গেইন করলেই টার্গেট পূরন হয়ে যাবে। এক্ষেত্রে সমস্যা হলো কোন কারনে যদি স্টপলস হিট হয় তবে আমাদের প্রফিট এর বদলে লস নিয়ে সন্তুষ্ট থাকতে হবে।

এই ক্ষেত্রে আমার পরামর্শ হলো আমাদের ২৫ পিপ্স গেইন করতে হবে। আমরা লট সাইজ ইউজ করবো 0.10, কিন্তু একটি পেয়ারে আমরা ট্রেড করবো না। আমরা 0.02 লট সাইজ ইউজ করে পাচটি পেয়ারে এন্ট্রি নিবো। আমি বিশ্বাস করি যে, একসাথে সবগুলা এন্ট্রি আমাদের লসে যাবে না ইনশাআল্লাহ। প্রতি এন্ট্রিতে আমাদের 1:2 রেশিও ফলো করতে হবে। যেমন প্রতি ট্রেডে আমরা লস মেনে নিবো পিপ্স নয়, ডলার। যেমন আমরা 2.5$ লস মেনে নিয়ে 5$ প্রফিট টার্গেট করবো। এভাবে টোটাল সব এন্ট্রি মিলিয়ে আমাদের 12.5$ লস এবং 25$ প্রফিট টার্গেট করবো। আমার বিশ্বাস একসাথে সব এন্ট্রি লসে যাবে না। একটা এন্ট্রি যদি স্টপলস হিট হয় তবে অপর একটি এন্ট্রি প্রফিট হিট করার পরে আবার নতুন একটি এন্ট্রি এড করবো। পাচটি এন্ট্রির প্রথম একটি লস হলেই সাথে সাথে আর একটা এন্ট্রি ওপেন করার অর্থ হলো রিস্ক নেওয়া এবং সিস্টেম ব্রেক করা।

একটি বা দুইটি পরপর লস হলে তৃতীয় এন্ট্রি যদি প্রফিট হিট করে তবে আমাদের মূলধন আবার আগের যায়াগায় চলে আসবে এবং আমরা আবার নতুন করে আরো তিনটা এন্ট্রি নিতে পারবো। কোন কারনে যদি সবগুলা একাসাথে লসে যায় অথবা চারটি এন্ট্রি লস এবং একটি এন্ট্রি প্রফিট এক্ষেত্রে আমরা আরো একটি এন্ট্রি ট্রাই করতে পারবো সেইম প্যাটার্নে। কোন কারনে যদি পাচটি

এন্ট্রি লস হয়ে যায় তবে আমাদের ওয়ি দিনের মতো ট্রেড ক্লোজ। আর যদি পাচটি এন্ট্রি প্রফিট হিট করে তাহলেও আমাদের ওয়িদিনের ট্রেড ক্লোজ।

এখানে আসল বেপার হলো আমি কোন অবস্থাতেই 12.50$ এর বেশি লস করতে চাই না। আবার কোন অবস্থাতেই 25$ এর বেশি গেইন করতে চাই না।

ধরেন আমার কোন কারনে 6$ লস হলো। এখন আমি চাইলে বাকি 6$ লস সেট করে 12$ প্রফিট করার জন্য এন্ট্রি নিতে পারি। এখানে লট সাইজ নির্ভির করে আপনার ট্রেডিং স্ট্রাটেজির উপরে। আপনি যে সাইজের লট ইউজ করেন না কেন সেইটা মূখ্য বিষয় না। এখানে আসল বেপার হলো লস এমাউন্ট।

অনেকে স্কাল্পিং করতে পারে ভালো। যদি একটি বড়ো সাইজের লট ইউজ করে এক এন্ট্রিতে 25$ গেইন করা যায় তবে আমি কোন সমস্যা দেখি না। তবে লস কোন অবস্থাতেই 12.50$ এর বেশি হতে পারবে না।

আবার আপনি চাইলে 0.01 লট সাইজে একাধিক এন্ট্রি নিতে পারেন তবে এক্ষেত্রেও লস 12.5$ এর বেশি হবে না।

অতএব আমার এই সিস্টেমে আপনি লট সাইজ ইচ্ছামতো ম্যানুপুলেট করতে পারবেন। আমাদের টেকনিক্যাল এনালাইসিস এর ক্ষেত্রে স্টপলস ও প্রফিট টার্গেট সবসময় একিরকম হবে না। এটা কম বা বেশি হতে পারে। তাই আমরা লট সাইজে কমাবো বা বাড়াবো তবে আমাদের ডলার লাভ লসের পরিমান যেনো কম বেশি না হয়।

আমাদের প্রথম মাসে যদি ১০০% লস হয় তবুও আমরা আমাদের যায়াগায় অনড় থাকবো। মানি ম্যানেজমেন্ট আমি মনে করি এখানে ঠিক আছে। হয়তো বা আপনার টেকনিক্যাল এনালাইসিস ভুল থাকতে পারে। তাই সামান্য লস হলেই যেনো আমরা উত্তেজিত হয়ে কাউন্টার এট্যাকে না যাই। এক সপ্তাহ লস হলে হতে পারে টানা চার সপ্তাহ লস হবে না ইনশাআল্লাহ। যদি আপনি টানা চার সপ্তাহ লস করে ফেলেন তবে আমি মনে করি আপনার টেকনিক্যাল এনালাইসিস শেখা উচিৎ।

আমি আমার সাধ্যমতো আপনাদের মাঝে আমার ব্যাক্তিগত মানি ম্যানেজমেন্ট সিস্টেম তুলে ধরেছি। আমার সিস্টেমের ভুল থাকতে পারে। অন্ধের মতো কেউ এই সিস্টেম ফলো না করে আগে সিস্টেমটা নিজের মাথায় গেথে নিন। ভালো করে বুঝুন। প্রতিটা হিসেব মাথা খাটিয়ে নিজে বুঝুন এবং হিসেব মিলান। যদি আপনি বুঝতে পারেন সিস্টেম টি তবে আপনি এটাও বুঝবেন আপনার করোনিয় কি।

আমি বলতেছি না আমার এই সিস্টেম সবার চেয়ে সেরা। আমি জানি সেরাদের চেয়ে সেরা থাকতে পারে। আমার মেধায় যতোটুকু এসেছে আমি তার কিছু অংশ আপনাদের মাঝে উপাস্থাপন করেছি। সব সিস্টেম সবাইকে শ্যুট করে না। কোন সিস্টেমে কাজ করে সফল হতে চাইলে সবার আগে ওয়ি সিস্টেমের প্রতি আস্থা ও ভালোবাসা সৃষ্টি করতে হবে। কোন সিস্টেমে আপনি সফল হচ্চেন না এর মানে এই নয় যে, ওয়ি সিস্টেম খারাফ। আপনিই হয়তো সিস্টেম পুরোপুরি বুঝতে পারতেছেন না। আরো বেশি স্টাডি করুন দেখবেন অবশ্যই আপনার যা ভুল তা আপনি খুজে পাবেন। জ্ঞানী মানুষেরা সংকেত পেলেই বুঝে যায়, আর জ্ঞানহীন মানুষকে বিস্তারিত বোজালেও বুঝতে সক্ষম হয় না।

আপনার সফলতা নির্ভর করে আপনার কর্মদক্ষতার উপরে। কোন সিস্টেম বা স্ট্রাটেজি আপনাকে সাকসেফুল ট্রেডার বানাতে পারে না, আপনি সিস্টেম কে প্রপার ইউজ করে সাকসেসফুল ট্রেডার হতে পারবেন। এখানে আপনার ভূমিকা আপনার প্রাপ্তির জন্য কাজ করবে। আপনার পরিশ্রম ও আপনার দূরদৃষ্টি আপনাকে আপনার গন্তব্যে নিয়ে যেতে পারে।

আপনি যদি ট্রেডিং রুলস না মেনে ট্রেড করেন এবং লস করেন এর দোষ শুধুই আপনার। আমরা নিয়ম মানার বেপারে আগ্রহী ১০% আর ফল পাওয়ার বেপারে আশাবাদী ১০০%। এইধরনের প্রত্যাশা আপনাকে হতাশা ছাড়া কিছুই দিতে পারবে না।

আমাদের প্রতিটা এন্ট্রি হতে হবে ক্যালকুলেটিভ। আমাদের একটি এন্ট্রি যদি লস হয় তবে তার জন্য যৌক্তিক কারন থাকতে হবে। আবার আমাদের একটি এন্ট্রি যদি প্রফিট দেয় তবে তার পিছনেও যৌক্তিক কারন থাকতে হবে।

আপনি বলেন তো আপনার একটি এন্ট্রি লস হওয়ার পরে আপনি লসের কারন গুলা কি এনালাইসিস করে তা নোট করেছেন? সঠিক উত্তর কেউ দিতে পারবেন না। সবাই আমরা শুধু পেতে চাই। কিছু পেতে হলে শ্রম দিতে হবে। সঠিক নিয়মে কাজ করতে হবে। সঠিক নিয়মে এন্ট্রি পরিচর্যা করতে হবে। সব সময় মাথায় রাখতে হবে যে, আমরা কোন অবস্থাতেই আমাদের মূলধন হারাবো না। গাচ যদি বেচে থাকে ফল একদিন আসবে ইনশাআল্লাহ।

মার্কেট চাইবে আপনার সাইকোলজ নষ্ট করে আপনার রুলস থেকে আপনাকে সরাতে। আপনি যদি মার্কেটের ধোকায় পড়ে নিজের সিস্টেম থেকে বের হয়ে যান তবে আপনি লস করে ফেলবেন। আর যদি চিন্তা করেন যে মার্কেটে যাই ঘটুক আমি আমার সিস্টেমের প্রতি আত্মবিশ্বাসী তবে সবকিছুই পজেটিভ হয়ে যাবে।

এই বইটির নতুন সংস্কার আসতে পারে। কোন ভুল ত্রুটি আপনাদের পরিলিক্ষিত হলে আমাদের জানালে পরের সংস্করনে তা সংশোধন করা হবে ইনশাআল্লাহ।

আমাদের সোস্যাল প্লাটফর্ম

1. YouTube – https://www.youtube.com/channel/UCOPrtC21b-iWCvTZj8jIa3g
2. Facebook Group – https://www.facebook.com/groups/bengalforex
3. Facebook Page – https://www.facebook.com/bengalforex
4. Telegram – https://t.me/bengalfx
5. Website – https://bengalforex.com/

ভালো মানের কিছু ফরেক্স ব্রকার

1. Icmarkets – https://icmarkets.com/?camp=8717
2. Exness – https://one.exnesslink.com/a/sca7f6lj
3. XM – https://clicks.pipaffiliates.com/c?c=...
4. Octafx – https://my.octafx.com/open-account/?r...
5. Tickmill – https://secure.tickmill.com?utm_campa...